



জোরপূর্বক



বিবাহ



নতুন আইন আপনাকে  
নিরাপদ রাখবে



ফোর্স ম্যারিজ হেল্পলাইন

0800 027 1234



আপনি পছন্দ মত মানুষের সাথে বন্ধুত্ব করতে পারেন

আপনার ইচ্ছে অনুযায়ী ছেলেবন্ধু বা মেয়েবন্ধু পছন্দ করতে পারবেন।



সঙ্গী বেছে নেয়ার অধিকার আপনার।

স্কটল্যান্ডে প্রত্যেকের অধিকার আছে নিজের পছন্দমত বিয়ে করার।



কেউ কাউকে বিয়ে করতে বাধ্য করতে পারবে না এমন কাউকে যাকে সে চায়না।

এটা সঠিক নয়।



আপনার ক্ষেত্রে এটা হয়ে থাকলে তা আপনার দোষ নয়।



জোরপূর্বক বিবাহ কি?

একটি বিবাহ জোরপূর্বক তখনি হয় যখন একজন বা উভয়ই ঐ বিয়েতে রাজী থাকে না।



এটা সামাজিকভাবে আয়োজিত বিয়ের মত নয় যেখানে পরিবারগুলি তাদের ছেলে বা মেয়ের জন্য জীবন সঙ্গী পছন্দ করতে সাহায্য করে এবং তারা উভয়ই বিয়েতে আগ্রহী।

স্কটল্যান্ডের বিভিন্ন কমিউনিটিতে সামাজিকভাবে আয়োজিত বিয়ে একটি দৈনন্দিন বিষয়।



কিন্তু বিয়ে করতে বাধ্য করা অন্যায়।



পরিবারের সদস্য বা সঙ্গীকে আপনার প্রতি চেচামেচী করতে বা হুমকি দিতে দিবেন না।



কাউকে সুযোগ দিবেন না আপনাকে বল প্রয়োগ করে বা কষ্ট দিয়ে জোরপূর্বক বিয়ে করাতে।

এটা অন্যায্য।



আপনি চাইলে এই বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য পেতে পারেন।



যাদেরকে বিয়েতে জোর করা হয় স্কটল্যান্ডের নতুন আইনগুলি তাদেরকে সাহায্য করবে।

আপনি ফোর্স ম্যারিজ প্রটেকশন অর্ডার নিতে পারেন।

যখন আপনি চাচ্ছেন না বিয়ে করতে তখন ইহা আপনাকে বিয়ে করতে বাধ্য করা থেকে যে কাউকে বিরত রাখতে পারবে।



পরবর্তীতে কি করণীয়।

যদি আপনাকে বিয়েতে জোর করা হয় তাহলে আপনার মনে হতে পারে আপনি সম্পূর্ণ একা ও বন্দি হয়ে পরেছেন।



নিজেকে ভীত বা বিভ্রান্ত মনে হতে পারে।

আপনার মনে হতে পারে যে আপনি হয়ত কিছুই করতে পারবেন না।

এই বিষয়ে কথা বলতে এবং সাহায্য নিতে ভয় পাবেন না।



আপনাকে সাহায্য করতে কেউ একজন রয়েছে।



কিভাবে সাহায্য পাবেনঃ

সাহায্য বা উপদেশের জন্য ফোন করুন ফোর্স ম্যারিজ হেল্প লাইনঃ  
0800 027 1234



ফোন করতে আপনার কোন খরচ হবে না।

যে কোন সময় ফোন করতে পারবেন।

আপনি না চাইলে আপনার নাম বলতে বাধ্য নন।



হেল্পলাইন কর্মচারীরাঃ

• গুরুত্ব সহকারে আপনার কথা শুনবে।



• আপনার তথ্য গোপন রাখবে।



• আপনি চাইলে অন্যান্য সংস্থাগুলি সম্পর্কে তথ্য দিবে যারা আপনাকে সাহায্য করতে পারবে।



আপনি যদি পুরুষ হন এবং জোরপূর্বক বিয়ের বিষয়ে উপদেশ পেতে চাইলে আরেকটি ফোনলাইনে ফোন করুন, নম্বরঃ  
0808 801 0327

অথবা ইমেল করার ঠিকানাঃ [info@mensadvice.org.uk](mailto:info@mensadvice.org.uk)



আপনি যদি এই বিষয়ে ফোনে কথা বলতে তৈরী না থাকেন বা ফোন করা আপনার জন্য কঠিন হলে এই ওয়েব সাইট থেকে তথ্য পেতে পারেনঃ [yourrightscotland.org](http://yourrightscotland.org)

DA LANGUAGES LIMITED  
DOWNS COURT  
29 THE DOWNS  
ALTRINCHAM  
WA14 2QD